

## ■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৫৬

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৫. কুরআন তিলাওয়াতের সাওয়াব সম্পর্কে।

بَابِ فِي ثَوَابِ قِرَاءَةِ الْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ دَاؤِدَ الْمَهْرِيُّ، حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، حَدَّثَنَا مُوسَى بْنُ عُلَيْ بْنِ رَبَاحٍ، عَنْ أَبِيهِ، عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ الْجُهَنِيِّ، قَالَ خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَنَحْنُ فِي الصُّفَّةِ فَقَالَ "إِيُّكُمْ يُحِبُّ أَنْ يَغْدُوَ إِلَى بُطْحَانَ أَوِ الْعَقِيقِ فَيَأْخُذْ نَاقَتَيْنِ كَوْمَانِيْنِ زَهْرَانِيْنِ بِغَيْرِ إِثْمٍ بِاللَّهِ عَزَّ وَجَلَّ وَلَا قَطْعَ رَحْمٍ". قَالُوا كُلُّنَا يَا رَسُولَ اللَّهِ قَالَ "فَلَلَّا يَغْدُوَ أَحَدُكُمْ كُلَّ يَوْمٍ إِلَى الْمَسْجِدِ فَيَتَعَلَّمَ آيَتَيْنِ مِنْ كِتَابِ اللَّهِ عَزَّ وَجَلَّ خَيْرُ لَهُ مِنْ نَاقَتَيْنِ وَإِنْ ثَلَاثُ فَثَلَاثٌ مِثْلُ أَعْدَادِهِنَّ مِنَ الْإِبْلِ".

বাংলা

১৪৫৬. সুলায়মান ইবন দাউদ (রহঃ) ..... উকবা ইবন আমের আল-জুহানী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম তাঁর ঘর হতে বের হন, এসময় আমরা “সুফফাতে” (মসজিদে নববীর আঙ্গনায়) অবস্থান করছিলাম। তখন তিনি জিজাসা করেনঃ তোমাদের মধ্যে কে পছন্দ কর যে, প্রত্যমে সে বাংহা বা আকীক নামক ময়দানে গমন করবে, এবং সেখান হতে উজ্জল বর্ণের হষ্টপুষ্ট, বহুমূল্য দুইটি উট সংগ্রহ করবে, যার সংগ্রহে সে কোনরূপ অন্যায় করে নাই বা আঘাত বিচ্ছিন্ন করে নাই? তারা বলেন, আমরা সকলেই এটা পছন্দ করি। তিনি ইরশাদ করেনঃ যদি তোমাদের কেউ মসজিদে এসে আল্লাহর কিতাবের (কুরআনের) দুটি আয়াত শিক্ষা করে, তবে তা এই দুটি উট হতেও শ্রেয়। যদি সে ব্যক্তি তিনটি আয়াত শিক্ষা করে, তবে তা এইরূপ তিনটি উট হতেও শ্রেয় হবে। এরূপ সে ব্যক্তি যত আয়াত শিক্ষা করবে, সে ততটি উটের চাইতেও অধিক উত্তম জিনিস প্রাপ্ত হবে। (মুসিলিম)।

English

'Uqbah b. 'Amir al-Juhani said:

When we were in the Suffah, the Messenger of Allah (ﷺ) asked: Which of

you would like to go out every morning to Buthan or Al-'Aqiq and bring two large humped and fat she-camels without being guilty of sin and severing ties of relationship ? They (the people) said: Messenger of Allah, we would all like that. He said: If any one of you goes out in the morning to the mosque and learns two verses of the Book of Allah, the Exalted, it is better for him than two she-camels, and three verses are better for him than three she-camels, and so on than their numbers in camels.

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: উকবাহ ইবনু আমির (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=33337>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন